

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৫১
জিরানীয়া, ১৪ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
জিরানীয়া মহকুমায় সভা

প্রতি ঘরে সুশাসন অভিযানের দ্বিতীয় পর্যায় সফল করে তুলতে সম্প্রতি জিরানীয়া মহকুমা প্রশাসনের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। জিরানীয়া মহকুমার মহকুমা শাসক শান্তি রঞ্জন চাকমার সভাপতিত্ব অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, জিরানীয়া ব্লকের বিডিও সমিত কুমার দাস, বেলবাড়ি ব্লকের বিডিও স্বদেশ দেববর্মা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভার শুরুতে অতিরিক্ত মহকুমা শাসক প্রতি ঘরে সুশাসন অভিযানের দ্বিতীয় পর্যায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ৩০ নভেম্বরের মধ্যে মহকুমার বেলবাড়ি, জিরানীয়া, পুরাতন আগরতলা, মান্দাই ব্লক এবং জিরানীয়া নগর পঞ্চায়েত ও রাণীরবাজার পুর পরিষদ এলাকার প্রতিটি ওয়ার্ড ও নগর পঞ্চায়েত এলাকায় এই অভিযান বা শিবির আয়োজন করা হবে। এই শিবিরগুলিতে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে জনগণের কাছে সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া হবে।
